




নথি নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৪.২০২২.৯৫

তারিখ: ০৩ বৈশাখ, ১৪৩০বঙ্গাব্দ
১৬ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ২০ নং অনুচ্ছেদ অনুযায়ী এমপিও আপিল কমিটি গত ২৮.০২.২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ২০ নং অনুচ্ছেদ অনুযায়ী এমপিও আপিল কমিটির সভা গত ২৮.০২.২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলোচ্যসূচির মধ্যে ১১টি বিষয়ে আদালতের নির্দেশনা মোতাবেক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উল্লিখিত সিদ্ধান্তের মধ্যে (১) কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন অজিফা খাতুন উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক জনাব মো: মিজানুর রহমান এর অক্টোবর ২০০২ হতে আগস্ট ২০১১ পর্যন্ত সময়ের বকেয়া বেতন ভাতাদি; (২) নওগাঁ জেলার মান্দা উপজেলার নবগ্রাম উচ্চ বিদ্যালয়ের ০৫ জন শিক্ষক কর্মচারীর এমপিওভুক্তি; (৩) টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলাধীন নতুন কহেলা কলেজের ১৫ জন শিক্ষক কর্মচারীর যোগদানের তারিখ থেকে বকেয়াসহ এমপিও প্রদান; এবং (৪) ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলাধীন মঞ্জালপৈতা পারখিন্দাহ কলেজের ২৪ জন শিক্ষক কর্মচারীর বকেয়া বেতন ও উচ্চতর বেতন স্কেল প্রদান সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রত্যেক প্রতিষ্ঠানে মামলা চলাকালীন সময় থেকে শিক্ষক/কর্মচারী অদ্যবধি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিত/কর্মরত থাকার বিষয়ে প্রমানকসহ তথ্যাদি প্রয়োজন।

২.০ এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে মামলা চলাকালীন সময় থেকে শিক্ষক/কর্মচারী অদ্যবধি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিত/কর্মরত থাকার বিষয়ে প্রমানকসহ তথ্যাদি জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: মিজানুর রহমান)
উপসচিব

ফোন: ৫৫১০০৫১৭

ই-মেইল: nongovt.secondary.Sec3@shed.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৬. অফিস কপি।